

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.৩৬.০০১.১৭- ২৭৪

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কেশবপুর পৌরসভার পৌর এলাকা সম্প্রসারণ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর ডি,ও পত্র নংঃ ৪৫, তারিখ ০৫/০৩/২০১৭ ইং।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নিকট হতে প্রাপ্ত ডি,ও পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী “পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬” এর বিধি ৩(১) অনুযায়ী নিম্নোক্ত তথ্যাদিসহ (প্রস্তাবিত এলাকার তফসিল নির্ধারিত হকে নমুনা অনুযায়ী সফট কপিসহ) কেশবপুর পৌর এলাকা সম্প্রসারণের প্রস্তাব পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- প্রস্তাবিত এলাকার অন্যান্য তিন-চতুর্থাংশ ব্যক্তি অকৃষি পেশায় নিয়োজিত;
- প্রস্তাবিত এলাকার শতকরা ৩৩ ভাগ ভূমি অকৃষি প্রকৃতির;
- প্রস্তাবিত এলাকার প্রতি বর্গ কিলোমিটারে ১৫০০ জন হিসেবে প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;
- প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন;
- প্রস্তাবিত এলাকার অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধাসম্পন্ন; এবং
- প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভূত কিনা;

তফসিল

ক্রঃনং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল,নং	দাগ নং
১	২	৩	৪	৫

সংযুক্তিঃ বর্ণনামতে-০১(এক) পাতা।


০৭/০৩/১৭
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব

জেলা প্রশাসক
যশোর।

অনুলিপিঃ

- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



ইসমাত আরা সাদেক, এমপি
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি ও নং-০৫.০০.০০০০.০০১.০০.০০৩.১৭-৪৮

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

প্রিয় *শ্রী* *কল্যাণ*,

আসসালামু আলাইকুম। আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকাত্ত কেশবপুর পৌরসভাটি ১৯৯৮ সনে স্থাপিত হয়। বর্তমানে পৌরসভাটি 'ক' শ্রেণীতে উন্নীত হয়েছে। তবে নতুন নতুন রাস্তা হওয়ায় ও পার্শ্ববর্তী এলাকাসমূহে উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত হওয়াতে পৌরসভার আশপাশের বেশ কয়েকটি মৌজায় বসতি গড়ে উঠেছে ও ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। এ কারণে পৌরসুবিধা প্রাপ্তির লক্ষ্যে ঐনকল মৌজাত্ত অধিবাসীগণ প্রায়শই তাদের এলাকা পৌরসভার মধ্যে অন্তর্ভুক্তির আবেদন জানাচ্ছে। আমি জেনেছি যে, এসকল মৌজায় বসবাসকারীগণের মধ্যে প্রায় ২৫ ভাগ চাকুরিজীবী, প্রায় ৭০ ভাগ ব্যবসায়ী এবং প্রায় ৯০ ভাগ শিক্ত জনগোষ্ঠী। আপনার সানুগ্রহ বিবেচনার জন্য নিম্নে মৌজার নাম ও দাগ নম্বর দেয়া হলোঃ

মৌজার নাম	দাগ নং
জে.এল ৭৯ নং খতিয়াখালি মৌজা	১২৩, ১২৫, ৪১৯-৬১১, ৬১৬, ৬১৭, ৬৬১-৬৬৫, ৭১৩-৭৫৪ পর্যন্ত মোট দাগ- ২৭৮টি
জে.এল ৮০ নং মাগুরাডাঙ্গা মৌজা	৫৮৫-৭৪৯, ৭৬৯-৭৯৬, ৮২৪, ৮২৫, ৮২৭-৮৩৭, ৮৪৬-৮৫১ পর্যন্ত মোট দাগ- ২১২টি
জে.এল ৮১ নং সুজাপুর মৌজা	১-৫৭, ৫৮ (আংশিক) ২৬৬-২৬৮, ৩৫৩-৩৫৫, ৫০৫-৫১৪ পর্যন্ত মোট দাগ- ৭৪টি
জে.এল ৭৪ নং বালিয়াডাঙ্গা মৌজা	৫১০-৫২৩, ৫৪৩-৬০৭, ৬২০-৭৩২, ৭৩৫, ১৯৯৪-১৯৯৬, ১৯৯৯-২২২১, ২২২৪ পর্যন্ত মোট দাগ- ৩২০টি
জে.এল ২৯ নং বায়সা মৌজা	২২৫-২৮১, ৩১৭-৩৫০, ৩৭৩-৩৮০, ৩৮৮-৫৪১, ৫৯২-৮৪৮, ১৪৩১-১৪৪৬, ১৪৪৯-১৫৮০ পর্যন্ত মোট দাগ- ৬৫৮ টি
জে.এল ২৬ নং মুলছাম মৌজা	৭২৫২, ৭৫৪৬, ৭৫৫৮-৭৫৯৮, ৭৫৯৯ (আংশিক) ৭৬০৪-৭৬২১, ৭৮৮৪-৭৮৮৬, ৭৮৮৮-৭৯৮৯, ৭৯৯৫-৮৩৮৫, ৮৩৯১-৮৪৬১, ৮৯১৫-৯২৬৩ পর্যন্ত মোট দাগ- ৯৭৭ টি

প্রস্তাবিত এলাকা কেশবপুর পৌরসভার মধ্যে অন্তর্ভুক্ত করা হলে পৌরসভার কলেবর বৃদ্ধি পাবে, পৌরসভার রাজস্বের পরিমাণ বৃদ্ধি পাবে এবং পৌরসভার উন্নয়নে সমর্থিত কার্যক্রম গ্রহণে সুবিধা হবে; যা কেশবপুরের জনগণের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করবে।

বর্ধিত অবস্থায় কেশবপুর পৌরসভার কলেবর বৃদ্ধি এবং এলাকাবাসীর দাবী পূরণের স্বার্থে প্রস্তাবিত মৌজাত্ত দাগগুলো কেশবপুর পৌরসভার মধ্যে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এ বিষয়ে আপনার ব্যক্তিগত মনোযোগ ও আকর্ষণ করছি।

স্বাক্ষর

একান্তভাবে আপনার,

Kemat Ara Sadique

ইসমাত আরা সাদেক, এমপি

খন্দকার মোশাররফ হোসেন, এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।